

সি.এম.
২৫

২০১০ সাল থেকে ১ ফেব্রুয়ারি এসএসসি পরীক্ষা শুরু হবে

যশোর বুরো

২০১০ সাল থেকে প্রতি বছর ১ ফেব্রুয়ারি মাধ্যমিক পরীক্ষা শুরু হবে। সরকারের এ লক্ষ্য বাস্তবায়নের জন্য আগামী বছর ১ মার্চ এবং ২০০৯ সালে ১৫ মার্চ মাধ্যমিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৫ ডিসেম্বর যশোর জিলা কাল উন্নিটোরিয়ায় আঞ্চলিক মতবিনিময় সভায় শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এ.বি.এম. আবদুল আজিজ মন্ত্রণালয় সরকারের এ সিদ্ধান্তের কথা ঘোষণা করেন। তিনি আরও বলেন, তারা শিক্ষাক্রমের দুর্নীতি-অনিয়মের বিরুদ্ধে যুদ্ধে নেতৃত্ব দেন। শিক্ষা বোর্ড দুর্নীতিমুক্ত হলে শিক্ষাসন থেকে ৮০ জন অনিয়ম কমে যাবে।

যশোর শিক্ষা বোর্ডের আওতাধীন ১০ জেলার সরকারি কলেজের অধ্যক্ষ, জেলা শিক্ষা অফিসার, সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের সমন্বয়ে অনুষ্ঠিত এ মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন ভারপ্রাপ্ত জেলা প্রশাসক শেখ মুজিবুর

পরীক্ষা : পৃষ্ঠা ১৫ : কলাম ১

পরীক্ষা : এসএসসি

(১ম পৃষ্ঠার পর) | রহমান। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন যুগ্ম সচিব (মাধ্যমিক) মঞ্জুরুল ইসলাম খান, যশোর শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর সাইদুল হাসান, পরীক্ষা নিয়ন্ত্রক আশীরাফ আলম খান, স্থানীয় সেনা ক্যাম্পের অধিনায়ক মে. কর্নেল শাহীমুর রহমান প্রমুখ। শিক্ষা প্রশাসনে অধিকতর স্বচ্ছতা, জবাবদিহিতা ও প্রশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে এই মতবিনিময় সভার আয়োজন করা হয়।